গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ১৭৬/২০১৮-২০১৯**

**ঢাকা, মঙ্গলবার ১২ মার্চ ২০১৯, ২৮ ফাল্গুন ১৪২৫**

### আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধান বিচারপতির সাক্ষাৎ
২। বাংলাদেশ-ভারত সম্পর্ক বিশ্বে একটি রোল মডেল :
নরেন্দ্র মোদির সাথে যৌথভাবে ভাণ্ডারিয়ায় পানি শোধনাগারসহ চার প্রকল্পের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা
৩ । বাংলাদেশের উন্নতি ভারতের জন্য আনন্দের বিষয় : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি
৪। মাদ্রাসা জঙ্গিবাদ সৃষ্টির কারখানা নয় : সংসদ অধিবেশনের সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী
৫। সংসদে বিরোধীদলের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ : স্পিকার
একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন সমাপ্ত
৬। ৬৯ উপজেলার নির্বাচনের চূড়ান্ত ফল ঘোষণা, ভোট পড়েছে ৪৩ শতাংশ
৭। ডাকসু ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত
৮। সিঙ্গাপুরে চিকিৎসাধীন ওবায়দুল কাদের হাঁটতে পারছেন :
আইসিইউ থেকে কেবিনে নেওয়া হতে পারে আজ
৯। দেশের সব টিভির সম্প্রচার বঙ্গবন্ধু স্যাটেলাইটে : অ্যাটকো'র সঙ্গে বৈঠকে তথ্যমন্ত্রী
১০। সংখ্যালঘু কমিশন গঠনের দাবি পূরণ হবেই : আইনমন্ত্রী
১১। নিত্যপ্রয়োজনীয় পণ্যে ভ্যাট দিতে হবে না : অর্থমন্ত্রী
১২। অস্ট্রেলিয়ায় বিলিয়ন ডলারের চামড়াজাত পণ্যের রপ্তানি সম্ভব : শিল্পমন্ত্রী
১৩। রূপান্তরের মধ্য দিয়ে এগিয়ে যাচ্ছে দেশ : তথ্যপ্রযুক্তি মন্ত্রী
১৪। ক্ষতিপূরণ বনায়ন ছাড়া বনের গাছ কর্তন নয় : হাইকোর্টের নির্দেশ

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে প্রধান বিচারপতির সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সুপ্রিমকোর্টে মামলার দ্রুত নিষ্পত্তিতে সন্তোষ প্রকাশ করেছেন। গতকাল (১১ মার্চ সোমবার) বঙ্গভবনে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বে সুপ্রিমকোর্টের বিচারপতিদের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি তাঁর এ সন্তোষের কথা প্রকাশ করেন। রাষ্ট্রপতি বলেন, দীর্ঘদিন থেকে ঝুলে থাকা অনেক মামলার দ্রুত নিষ্পত্তির ফলে ইতোমধ্যে বিচারপ্রার্থীদের দুর্ভোগ উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। এ প্রক্রিয়া বিচারপ্রার্থীদের বিচার পাওয়াকে নিশ্চিত করবে। বৈঠকে প্রতিনিধিদল সুপ্রিমকোর্টের কৌশলগত পরিকল্পনা ও হাইকোর্ট ও আপিল বিভাগের মামলা নিষ্পত্তির অগ্রগতিসহ বিচার বিভাগের বিভিন্ন দিক রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রপতি এক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তার আশ্বাস দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

২। **বাংলাদেশ-ভারত সম্পর্ক বিশ্বে একটি রোল মডেল :**
**নরেন্দ্র মোদির সাথে যৌথভাবে ভাণ্ডারিয়ায় পানি শোধনাগারসহ চার প্রকল্পের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক সম্পর্ককে প্রতিবেশী দেশের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে বিশ্বে একটি রোল মডেল আখ্যায়িত করে আগামীতেও এ সহযোগিতার সম্পর্ক অব্যাহত থাকবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী বলেন, এ সব বহুমুখী এবং বহুমাত্রিক সহযোগিতার ফলে আমাদের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক বিশ্ববাসীর কাছে সু-প্রতিবেশীসুলভ সম্পর্কের দৃষ্টান্তরূপে পরিগণিত হচ্ছে। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, ভবিষ্যতেও এ সহযোগিতা অব্যাহত থাকবে। গতকাল (১১ মার্চ সোমবার) ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশের চারটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে প্রদত্ত ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। উদ্বোধন করা প্রকল্পগুলোর মধ্যে রয়েছে ভারত থেকে দোতলা বাস, একতলা এসি ও নন-এসি বাস এবং ট্রাক আমদানি, ভারতীয় আর্থিক অনুদানে পাঁচ জেলায় (জামালপুর, শেরপুর, হবিগঞ্জ, সুনামগঞ্জ এবং ব্রাহ্মণবাড়িয়া) ৩৬টি কমিউনিটি ক্লিনিক স্থাপন, ভারতীয় অনুদানে পিরোজপুর জেলার ভাণ্ডারিয়ায় ১১টি পানি শোধনাগার প্ল্যান্ট স্থাপন এবং সার্কভুক্ত দেশসমূহে ভারতের ন্যাশনাল নলেজ নেটওয়ার্ক সম্প্রসারণের আওতায় বাংলাদেশে উক্ত নেটওয়ার্ক সম্প্রসারণ। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

৩ । **বাংলাদেশের উন্নতি ভারতের জন্য আনন্দের বিষয় : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের ভূয়সী প্রশংসা করে বলেন, বাংলাদেশের উন্নতি ভারতের জন্য সব সময়ই আনন্দের বিষয় এবং আমাদের জন্য প্রেরণারও উৎস। আগামীতে দুই দেশের সম্পর্ক আরো অনেক উচ্চতায় পৌঁছবে বলে আশা প্রকাশ করেন তিনি। ভারত-বাংলাদেশ সহযোগিতার প্রসঙ্গ টেনে মোদি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের উন্নয়নের জন্য বিশাল লক্ষ্য স্থির করেছেন। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ হিসেবে গড়ে তোলা এবং ২০৪১ সাল নাগাদ বাংলাদেশকে উন্নত-সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তোলায় তাঁর রূপকল্পকে বাস্তব রূপ দিতে সহায়তা করা আমাদের জন্য গর্বের বিষয়। এক সাথে মিলে বিগত ৫ বছরে আমরা ভারত-বাংলাদেশ সম্পর্কের সোনালি অধ্যায়ের জন্য কাজ করতে পারাকে আমি আমার জন্য অত্যন্ত সৌভাগ্যজনক বলে আমি মনে করছি। গতকাল (১১ মার্চ সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশের চারটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে প্রদত্ত ভাষণে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নয়াদিল্লিতে তাঁর কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সে অংশ নেন। ভারত ও বাংলাদেশের প্রধানমন্ত্রী একত্রে সুইচ টিপে প্রকল্পের ফলক উন্মোচন করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

৪। **মাদ্রাসা জঙ্গিবাদ সৃষ্টির কারখানা নয় : সংসদ অধিবেশনের সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মাদ্রাসা জঙ্গিবাদ সৃষ্টির কারখানা নয়, মাদ্রাসা শিক্ষার্থীদের কেউ কেউ অন্যদের দ্বারা ব্যবহার হতে পারে। কওমি মাদ্রাসা শিক্ষা সনদের স্বীকৃতি দেওয়া নিয়ে যারা প্রশ্ন তোলেন তাদেরও সমালোচনা করেন প্রধানমন্ত্রী। গতকাল (১১ মার্চ সোমবার) একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের সমাপনী দিবসের ভাষণে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, কেউ কেউ বলেন, মাদ্রাসা জঙ্গিবাদ সৃষ্টির কারখানা, এটা সঠিক নয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৫। **সংসদে বিরোধীদলের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ : স্পিকার**
**একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন সমাপ্ত**

গতকাল (১১ মার্চ সোমবার) সংসদের প্রথম অধিবেশনের সমাপনী বক্তব্যে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সংসদীয় গণতন্ত্রে বিরোধীদলের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। তাদের বক্তব্য সরকারের জবাবদিহিতা নিশ্চিত করে। বিরোধীদল শুধু বিরোধিতা নয়, সরকারকে সহযোগিতার মাধ্যমে অনন্য দৃষ্টান্ত স্থাপন করতে পারে। তিনি আরও বলেন, বিরোধীদল ও স্বতন্ত্র সংসদ সদস্যরা এ অধিবেশনে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। যে কারণে এ সংসদ অধিবেশনে ছিল প্রাণবন্ত। আগামীতে এ ধারা অব্যাহত রেখে সকলে গণতন্ত্রকে অর্থবহ করে তুলবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

এদিকে একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন গতকাল (১১ মার্চ সোমবার) শেষ হয়েছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী রাষ্ট্রপতি মোঃ  আবদুল হামিদের অধিবেশন সম্পর্কিত ঘোষণা পাঠের মাধ্যমে অধিবেশন গতকাল সমাপ্ত ঘোষণা করেন। এর আগে সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাপনী ভাষণ দেন। এছাড়া বিরোধীদলীয় উপনেতা গোলাম মোহাম্মদ কাদের সমাপনী বক্তব্য দেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.২)।

৬। **৬৯ উপজেলার নির্বাচনের চূড়ান্ত ফল ঘোষণা, ভোট পড়েছে ৪৩ শতাংশ**

উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপে গত ১০ মার্চ রোববার সারাদেশে ৬৯টি উপজেলায় ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে। এ ধাপের জন্য নির্বাচন কমিশন ৮৭টি উপজেলার নির্বাচনের তফসিল ঘোষণা করে। পরবর্তীতে আদালতের আদেশে ৪টি, নির্বাচন কমিশনের নির্দেশে ৩টি উপজেলায় ভোট স্থগিত হয়। এছাড়া ১১টি উপজেলায় বিনাপ্রতিদ্বন্দ্বিতায় আওয়ামী লীগের প্রার্থীরা বিজয়ী হওয়ায় ৬৯টি উপজেলায় চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে চেয়ারম্যান পদে ৫৫টি (বিনাপ্রতিদ্বন্দ্বিতায় ১১টি) উপজেলায় আওয়ামী লীগের প্রার্থীরা জয়লাভ করেছেন। এছাড়া ১০টি উপজেলায় আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী, ১৩টি উপজেলায় স্বতন্ত্র প্রার্থী নির্বাচিত হয়েছেন। দু'টি উপজেলার ফল ঘোষণা করা হয়নি এবং ৭টি উপজেলার নির্বাচন স্থগিত করা হয়েছে। নির্বাচন কমিশন সচিব হেলালুদ্দিন আহমদ সাংবাদিকদের জানান, উপজেলা নির্বাচনের প্রথম ধাপে ৪৩ দশমিক ৩২ শতাংশ নাগরিক ভোটাধিকার প্রয়োজ করেছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৭। **ডাকসু ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ১৬টি হলে গতকাল (১১ মার্চ সোমবার) সকাল ৮টা থেকে দুপুর ২টা এবং দু'টি হলে বেলা সাড়ে ১১টা থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত ভোটগ্রহণ চলে। এখন পর্যন্ত ১৮টি হলের মধ্যে ১৫টি হলের ফল জানা গেছে। ১৩টি পদের এ নির্বাচনে বেশিরভাগ হল সংসদে ছাত্রলীগ মনোনীত প্যানেলই জিতেছে। ভোটগ্রহণ শেষে অনানুষ্ঠানিক ফলাফলে দেখা যায়, ১৫টি হলের মধ্যে ৮টি হলে ছাত্রলীগের পূর্ণ প্যানেল জিতেছে। হলগুলো হলো- মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল, হাজী মুহম্মদ মহসীন হল, বিজয় একাত্তর হল, জগন্নাথ হল, সলিমুল্লাহ মুসলিম হল, স্যার এ এফ রহমান হল, জসিম উদ্দীন হল ও ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৮। **সিঙ্গাপুরে চিকিৎসাধীন ওবায়দুল কাদের হাঁটতে পারছেন :**
**আইসিইউ থেকে কেবিনে নেওয়া হতে পারে আজ**

সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের স্বাস্থ্যের আরো উন্নতি হয়েছে। সীমিত পর্যায়ে হাঁটাচলাও করছেন তিনি। স্বাস্থ্যের আশানুরূপ উন্নতি হওয়ায় তাকে আজ (১২ মার্চ মঙ্গলবার) আইসিইউ থেকে কেবিনে স্থানান্তর করা হতে পারে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডা. আবু নাসের রিজভী গতকাল (১১ মার্চ সোমবার) এসব তথ্য জানান। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.ক.৬)।

**৯। দেশের সব টিভির সম্প্রচার বঙ্গবন্ধু স্যাটেলাইটে : অ্যাটকো'র সঙ্গে বৈঠকে তথ্যমন্ত্রী**

আগামী ১২ মের মধ্যে দেশের সব টেলিভিশন চ্যানেল সম্প্রচারে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট ব্যবহার করবে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, স্যাটেলাইট কর্তৃপক্ষ প্রথম তিন মাস বিনামূল্যে সেবা দেবে। সবার সঙ্গে আলোচনা করে সেবার দাম নির্ধারণ করা হবে। পাশাপাশি আগামী ১ এপ্রিলের মধ্যে বিদেশি চ্যানেলে বাংলাদেশের বিজ্ঞাপন প্রচার বন্ধ না করলে সরকার ব্যবস্থা নেবে। গতকাল (১১ মার্চ সোমবার) সচিবালয়ে টেলিভিশন মালিকদের সংগঠন অ্যাসোসিয়েশন অভ্ টেলিভিশন চ্যানেল ওনার্স-অ্যাটকো'র সঙ্গে বৈঠক শেষে মন্ত্রী সাংবাদিকদের এ কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১.ক.২)।

**১০ । সংখ্যালঘু কমিশন গঠনের দাবি পূরণ হবেই : আইনমন্ত্রী**

জাতীয় সংখ্যালঘু কমিশন গঠনের দাবি মন্ত্রিপরিষদ সভায় উপস্থাপনের আশ্বাস দিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, এটি কেবল সময়ের ব্যাপার। এ দাবি পূরণ হবেই। আইনমন্ত্রী গতকাল (১১ মার্চ সোমবার) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে এক সেমিনারে এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

**১১। নিত্যপ্রয়োজনীয় পণ্যে ভ্যাট দিতে হবে না : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, বিশ্বের প্রায় প্রতিটি দেশই তাদের অর্থনৈতিক অগ্রতির জন্য মূল্য সংযোজন করের (ভ্যাট) ওপর নির্ভরশীল। রাজস্ব অগ্রযাত্রায় যে পথে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, তার মূল চালিকাশক্তি ভ্যাট। আগামী অর্থবছর থেকে নতুন ভ্যাট আইন বাস্তবায়নের প্রক্রিয়া চলছে। জুলাইয়ে বাস্তবায়ন হতে যাওয়া ভ্যাট আইনে একাধিক স্তর থাকবে। এক্ষেত্রে সিঙ্গেল রেটের পরিবর্তে সহনীয় মাল্টিপল রেট থাকবে। এছাড়া নিত্যপ্রয়োজনীয় পণ্যের ক্ষেত্রে কোনো ভ্যাট দিতে হবে না। গতকাল (১১ মার্চ সোমবার) রাজধানীর শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নিজ কার্যালয়ে অর্থমন্ত্রীর সঙ্গে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) টেকনিক্যাল মিশন সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১.ক.১)।

**১২ । অস্ট্রেলিয়ায় বিলিয়ন ডলারের চামড়াজাত পণ্যের রপ্তানি সম্ভব : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, অস্ট্রেলিয়ার বাজারে বাংলাদেশি চামড়াজাত পণ্য রপ্তানির বিশাল সুযোগ রয়েছে, যা বিলিয়ন ডলারে এগিয়ে নেওয়া সম্ভব। তিনি বলেন, বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ক্রমেই বাড়ছে। ২০০৪ সালে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ছিল ৩৪৩ মিলিয়ন মার্কিন ডলার, যা বর্তমানে বেড়ে ২.৪ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে। গতকাল (১১ মার্চ সোমবার) অস্ট্রেলিয়া-বাংলাদেশ চেম্বার অভ্ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির এক প্রতিনিধিদলের সাথে বৈঠককালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **আমাদের অর্থনীতি** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**১৩। রূপান্তরের মধ্য দিয়ে এগিয়ে যাচ্ছে দেশ : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, ভৌগোলিক অবস্থানের কারণে চট্টগ্রামকে সহায়তা করা মানে বাংলাদেশকে সহায়তা করা। চট্টগ্রামের উন্নয়ন মানে বাংলাদেশের উন্নয়ন। ঢাকায় সমুদ্রবন্দর নেই। চট্টগ্রামই ডিজিটাল ব্যবসা-বাণিজ্যের কেন্দ্রবিন্দুতে থাকবে। বাংলাদেশ রূপান্তরের মধ্য দিয়ে এগিয়ে যাচ্ছে। তথ্যপ্রযুক্তির অগ্রগতিতে সহায়তা দেবে হাইটেক পার্ক। ডিজিটাল সুযোগ-সুবিধা নিশ্চিত করতে পারলে আমরা বিশ্বজয় করতে পারব। গতকাল (১১ মার্চ সোমবার) চট্টগ্রাম শেখ কামাল আইটি ট্রেনিং অ্যান্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন ও জেলা পর্যায়ে আইটি/হাইটেক পার্ক স্থাপন প্রকল্পে জমি প্রদানকারী সংস্থা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সঙ্গে সমঝোতাস্মারক স্বাক্ষর অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১.ক.২)।

**১৪। ক্ষতিপূরণ বনায়ন ছাড়া বনের গাছ কর্তন নয় : হাইকোর্টের নির্দেশ**

গাছ কাটা পড়লে সেখানে 'ক্ষতিপূরণ বনায়ন' প্রকল্প গ্রহণ করতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। অর্থাৎ যে পরিমাণ গাছ কাটা হবে তার চেয়ে দুই থেকে পাঁচগুণ বেশি গাছ রোপণ করতে হবে। একইসঙ্গে 'ক্ষতিপূরণ বনায়ন' ব্যতীত উন্নয়ন কর্মকাণ্ড গ্রহণের ওপরও নিষেধাজ্ঞা আরোপ করেছে আদালত। এক রিট আবেদনের প্রেক্ষিতে বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি রাজিক আল জলিলের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (১১ মার্চ সোমবার) এ আদেশ দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২.ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** চাঁদপুরের মতলব উপজেলার শতাধিক দোকানে গ্যাস সিলিন্ডারের পাশাপাশি চলছে পেট্রোল ও ডিজেলের ব্যবসা, যে কোনো সময় ঘটতে পারে অগ্নি দুর্ঘটনা উল্লেখ করে অগ্নিঝুঁকি মোকাবিলায় সিলিন্ডার ও দাহ্য পদার্থ একসাথে না রাখা ও অগ্নি নির্বাপণের ব্যবস্থা রাখার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন, সংবাদ :** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) এক গবেষণায় নৃতাত্ত্বিক জনগোষ্ঠীই বেশি বৈষম্যের শিকার হচ্ছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **ভোরের কাগজ, নিউজ টুডে :** গ্যাসের দাম আবারো বাড়ছে উল্লেখ করে জনগণের দুর্ভোগের বিষয়টি মাথায় রেখে দাম না বাড়াতে বিবেচনার আহ্বান।

ঘ. **সংবাদ :** রাজধানীকে যানজটমুক্ত করার লক্ষ্যে গত ১০ বছরে বিভিন্ন প্রকল্পে সরকারের বিপুল পরিমাণ অর্থ ব্যয় হলেও পরিস্থিতির কাঙ্ক্ষিত উন্নয়ন হয়নি উল্লেখ করে বিচ্ছিন্নভাবে একক পদক্ষেপ না নিয়ে সমন্বিত পদক্ষেপ নেওয়ার পরামর্শ

ঙ. **বাংলাদেশ টুডে :** রাজধানীকে ময়লা আবর্জনামুক্ত রাখতে যথাযথভাবে বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক সংকটের কারণে শিক্ষার্থীদের শিক্ষাদান ব্যাহত হচ্ছে উল্লেখ করে শূন্যপদে দ্রুত শিক্ষক নিয়োগের সুপারিশ।

## উপসম্পাদকীয়

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রাজধানীর ট্রাফিক শৃঙ্খলা ফিরিয়ে আনার ক্ষেত্রে আইনের যথাযথ বাস্তবায়নের কোনো বিকল্প নেই।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বায়ুদূষণের অভিশাপ থেকে বাঁচাতে হবে রাজধানী ঢাকাকে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বায়ুদূষণের কারণগুলো বন্ধ করার জন্য সরকার ও জনগণ সবার সম্মিলিত প্রচেষ্টা দরকার।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা